চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

ভর্তি ম্যানুয়াল

১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণি
শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬

ইউনিটভুক্ত বিষয়সমূহ:

A ইউনিট
(বিজ্ঞান অনুষদ, জীববিজ্ঞান অনুষদ, ইঞ্জিনিয়ারিং অনুষদ
এবং মেরিন সায়েন্সেস অ্যান্ড ফিশারিজ অনুষদভুক্ত সকল বিষয়)

B ইউনিট
(কলা ও মানববিদ্যা অনুষদভুক্ত সকল বিষয়)

C ইউনিট
(ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত সকল বিষয়)

D ইউনিট
(সমাজবিজ্ঞান অনুষদভুক্ত সকল বিষয়, আইন অনুষদভুক্ত আইন বিষয় এবং শিক্ষা অনুষদভুক্ত সকল বিষয়; এবং
উচ্চ মাধ্যমিক মানবিক শাখার শিক্ষার্থীদের জন্য জীববিজ্ঞান অনুষদভুক্ত ভূগোল ও পরিবেশবিদ্যা বিষয় এবং মনোবিজ্ঞান বিষয়)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইট https://admission.cu.ac.bd

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা ও ভর্তির নিয়মাবলী

১. এক ঘন্টা ব্যাপী একশত নম্বরের ভর্তি পরীক্ষা MCQ পদ্ধতিতে নেয়া হবে। তবে নাট্যকলা, চারুকলা, সংগীত এবং ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিষয়ের ভর্তি পরীক্ষা MCQ এবং ব্যবহারিক উভয় পদ্ধতির সমন্বয়ে নেয়া হবে।

২. মেধাস্কোর ও মেধাক্রম: বিভিন্ন ইউনিট/উপ-ইউনিটের মেধা তালিকা তৈরীর ক্ষেত্রে ভর্তি নির্দেশিকায় সংশ্লিষ্ট ইউনিট/উপ-ইউনিট অংশে বিবৃত পদ্ধতি অনুসৃত হবে।

৩. প্রশ্নপত্র (ইংরেজি বিষয় ছাড়া) সাধারণত বাংলায় প্রণীত হবে। তবে কোন ইউনিটে ইংরেজি মাধ্যমের ভর্তিচ্ছু আবেদনকারী থাকলে তাদের জন্য সেই ইউনিটে বাংলায় প্রণীত প্রশ্নপত্রের ইংরেজি অনূদিত প্রশ্নপত্র সরবরাহ করা হবে।

৪. কোন আবেদনকারী ইংরেজি মাধ্যমে পরীক্ষা দিতে চাইলে স্ব স্ব ইউনিট/উপ-ইউনিটে আবেদন করার সময় তা সঠিকভাবে নির্বাচন করতে হবে। GCE O/A লেভেলের আবেদনকারীদেরকে ইংরেজি মাধ্যমে পরীক্ষা দিতে চাইলে স্ব স্ব ইউনিট/উপ-ইউনিটে আবেদন করার সময় তা সঠিকভাবে নির্বাচন করতে হবে।

৫. ভর্তিচ্ছু সকল আবেদনকারীকে ভর্তি পরীক্ষা সম্পর্কিত সকল তথ্য নিজ দায়িত্বে সংশ্লিষ্ট ইউনিট অফিস থেকে অথবা চবি ভর্তির ওয়েবসাইট থেকে (https://admission.cu.ac.bd) জেনে নিতে হবে। চিঠির মাধ্যমে কোন আবেদনকারীকে কিছু জানানো হবে না।

৬. ভর্তি পরীক্ষার সিট প্ল্যান স্ব স্ব ইউনিট অফিসের নোটিশ বোর্ডে এবং চবি ভর্তির ওয়েবসাইটে প্রচার করা হবে। আবেদনকারীকে নিজ দায়িত্বে নির্ধারিত কক্ষ নম্বর ও আসন সম্পর্কিত তথ্য জেনে নিয়ে পরীক্ষার দিন নির্দিষ্ট কক্ষ ও আসনে বসে পরীক্ষা দিতে হবে।

৭. ভর্তি পরীক্ষার ৪৮ ঘন্টা পূর্বে থেকে বিস্তারিত আসন বিন্যাস চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটে দেখা যাবে। এছাড়া আবেদনকারীকে প্রবেশপত্রের নির্দেশনা অনুযায়ী এসএমএস এর মাধ্যমে নিজ নিজ আসন বিন্যাস জানিয়ে দেয়া হবে।

৮. ভর্তি পরীক্ষার সময় ভর্তিচ্ছু আবেদনকারীর উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড, A লেভেলের Statement of Entry এর মূলকপি এবং ডাউনলোডকৃত এক কপি প্রবেশপত্র পরীক্ষার হলে অবশ্যই নিয়ে আসতে হবে।

৯. ভর্তি পরীক্ষার উত্তরপত্র চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সরবরাহ করবে। উত্তরপত্রের বৃত্তগুলো শুধুমাত্র কালো কালির বল পেন দ্বারা ভরাট করতে হবে, যাতে বৃত্তের লেখাগুলো দেখা না যায়। অন্য কালি দিয়ে বৃত্ত ভরাট করা বা লেখা যাবে না।

১০. ভর্তি পরীক্ষার উত্তরপত্র কম্পিউটারের মাধ্যমে মূল্যায়ন করা হবে। তাই এটি ভাঁজ করা বা ষ্ট্যাপল করা বা এর সাথে কিছু যুক্ত করা বা এতে কোন অবাঞ্ছিত দাগ দেয়া যাবে না।

১১. উত্তরপত্রে Roll No. ও Application ID না লিখলে বা ভুল লিখলে বা ঘষামাজা করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

১২. ভর্তি পরীক্ষার্থীরা পরীক্ষা কেন্দ্রে FX-100 বা এর নিচে সাধারণ মানের (মেমোরি অপশন/সিম ব্যতীত) ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে। পরীক্ষার হলে পরীক্ষার্থীর মোবাইল ফোন, স্মার্ট ওয়াচ, ব্লু-টুথ ও অন্যান্য মাধ্যমে যোগাযোগ করা যায় এমন যেকোনো ডিভাইস সঙ্গে রাখা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। পরীক্ষার হলে কোন পরীক্ষার্থীর কাছে এরূপ যেকোনো প্রকার ডিভাইস পাওয়া গেলে, পরীক্ষার্থী ব্যবহার করুক বা না করুক সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে বহিস্কার করা হবে।

১৩. কোন আবেদনকারী অন্যের ছবি/নম্বরপত্র ব্যবহার করলে অথবা অন্য যেকোনো অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪. প্রক্সির (একজনের পরীক্ষায় আরেকজন অংশগ্রহণ) মাধ্যমে কেউ ভর্তি পরীক্ষায় অংশ নিলে তার ভর্তি পরীক্ষা বাতিল করা হবে এবং তাকে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কাছে সোর্পদ করা হবে।

১৫. ভর্তি প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে এমনকি ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার পরও ভর্তির জন্য প্রদত্ত তথ্যাদিতে যদি কোনো ভুল ধরা পড়ে অথবা যদি দেখা যায় যে, আবেদনকারীর ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা নেই, তাহলে আবেদনকারীর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি এবং/অথবা ভর্তি পরীক্ষা এবং/অথবা বিভাগ/বিষয়/ ইনস্টিটিউট মনোনয়ন বাতিল করা হবে।

১৬. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগ/ইনস্টিটিউটে ভর্তি হওয়ার পর যেকোনো সময়ে প্রক্সি/জালিয়াতির মাধ্যমে ভর্তি হওয়ার বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর ভর্তি/প্রদত্ত ডিগ্রী বাতিল করা হবে।

১৭. মেধাস্কোরের ভিত্তিতে নির্ণীত মেধাক্রম অনুযায়ী উত্তীর্ণ আবেদনকারী পরীক্ষার্থীদের মেধা তালিকা ও ফলাফল ভর্তি পরীক্ষার পরে যুক্তিসংগত সময়ের মধ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৮. মেধা তালিকা প্রকাশের পর নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে বিষয়/বিভাগ/ইনস্টিটিউট পছন্দক্রম (Choice List) এবং Student Information Form (SIF) পূরণ করতে হবে। বিভাগ পছন্দের ক্ষেত্রে অনলাইনে যে বিভাগগুলো প্রদর্শিত হবে সেখান থেকে পছন্দ অনুযায়ী ক্রমানুসারে সতর্কতার সহিত উল্লেখ করতে হবে এবং অনলাইনে প্রদর্শিত সব কয়টি বিভাগ/বিষয় পছন্দের তালিকায় থাকতে হবে।

পরবর্তীতে বিষয়/বিভাগ/ইনস্টিটিউট Choice এবং ভর্তি পরীক্ষার মেধাক্রম ও ভর্তির যোগ্যতা অনুসারে বিভাগ বন্টনের তথ্য সংশ্লিষ্ট ইউনিটের নোটিশ বোর্ডে দেয়া হবে। উক্ত তথ্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটেও দেখা যাবে। এ ছাড়া ভর্তিচ্ছু আবেদনকারীকে তার জন্য নির্ধারিত তারিখ অনুযায়ী মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান এর মূল নম্বরফর্দসহ সংশ্লিষ্ট ইউনিট অফিসে উপস্থিত হতে হবে। চূড়ান্তভাবে ভর্তির জন্য মনোনীত আবেদনকারীর ক্ষেত্রে মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান এর মূল নম্বরফর্দ জমা রাখা হবে। (সকল কাগজপত্র/ডকুমেন্ট-এর ১ সেট ফটোকপি ও মূলকপি সঙ্গে রাখতে হবে)।

১৯. ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত আবেদনকারীকে SIF (অনলাইনে পূরণকৃত) এর ডাউনলোডকৃত হার্ডকপির সঙ্গে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে, সেই প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্র জমা দিতে হবে।

২০. ভর্তি পরীক্ষা পরিচালনার ক্ষেত্রে আকস্মিক কোন সমস্যা দেখা দিলে তা নিরসনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২১. ভর্তি সংক্রান্ত যেকোনো নিয়ম-নীতি পরিবর্তন, সংশোধন, পরিবর্ধন, সংযোজন ও বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২২. কোটায় ভর্তির নিয়মাবলী:

এ বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে সাধারণ আসন ছাড়াও নিম্নোক্ত কোটায় ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে। সাধারণ আসনে আবেদনকারীর ভর্তির যে যোগ্যতা নির্ধারিত আছে, কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীদের একই যোগ্যতা থাকতে হবে (তবে শারীরিক চ্যালেঞ্জ অতিক্রমকারী শিক্ষার্থী কোটায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষার জিপিএ শিথিলযোগ্য)। এছাড়াও নিম্নে যে কোটার জন্য যে শর্ত আরোপ করা হয়েছে, তাদের সে শর্ত অবশ্যই পূরণ করতে হবে।

শারীরিক চ্যালেঞ্জ অতিক্রমকারী শিক্ষার্থী কোটা ছাড়া অন্যান্য সকল কোটায় আবেদনকারীদের মধ্যে যারা ভর্তি পরীক্ষায় ন্যূনতম ৪০ (চল্লিশ) নম্বর পাবে তাদেরকে উত্তীর্ণ হিসেবে গণ্য করা হবে (D1 উপ-ইউনিট ব্যতীত)। D1 উপ-ইউনিটে কোটায় পাশ নম্বর ৩৫ কিন্তু শুধুমাত্র বিকেএসপি কোটায় পাশ নম্বর ৩০ ও পেশাদার খেলোয়াড় কোটায় পাশ নম্বর ২০। উত্তীর্ণদের প্রাপ্ত নম্বরের সাথে উপরোক্ত ২ নং ক্রমিকে উল্লিখিত নিয়ম অনুসরণপূর্বক ফলাফল চূড়ান্ত করে অগ্রাধিকার ভিত্তিতে মেধাক্রমানুসারে ভর্তি করা হবে।

ভর্তি নির্দেশিকায় উল্লিখিত যোগ্যতা সম্পন্ন আবেদনকারীরা সকল অনুষদের অন্তর্গত বিভাগ/ইনস্টিটিউটে মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, অ-উপজাতি, অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠি, বিকেএসপি এবং দলিত জনগোষ্ঠী কোটায় ভর্তির জন্য আবেদন করতে পারবে। বিজ্ঞান অনুষদের অন্তর্গত গণিত/পরিসংখ্যান বিভাগে এবং কলা ও মানববিদ্যা অনুষদ, ব্যবসায় প্রশাসন অনুষদ, সমাজবিজ্ঞান অনুষদ ও আইন অনুষদের অন্তর্গত বিভাগে শারীরিক চ্যালেঞ্জ অতিক্রমকারী শিক্ষার্থী কোটায় ভর্তির জন্য আবেদন করা যাবে। শিক্ষা অনুষদের অন্তর্গত ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগে পেশাদার খেলোয়াড় কোটায় ভর্তির জন্য আবেদন করা যাবে।

(ক) মুক্তিযোদ্ধা কোটা (FFQ)

এ কোটায় ভর্তির বেলায় মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের মেধাক্রমানুসারে ভর্তি করা হবে। এ কোটায় ভর্তির ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ পরিপত্র অনুসরণ করে যাচাই-বাছাই করা হবে। এ কোটায় ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের সংশ্লিষ্ট সনদপত্রের কপি সাক্ষাৎকারের দিন জমা দিতে হবে।

(খ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা (SEGQ1)

- এ কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীকে তারা কোন্ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অধিবাসী তা তাদের স্ব স্ব সার্কেল চীফ/জেলা প্রশাসক এর নিকট থেকে সনদপত্র সংগ্রহ করে সাক্ষাৎকারের সময় জমা দিতে হবে।
- অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির আবেদনকারীরাও এ কোটায় আবেদন করতে পারবে।
- এ কোটায় অনুষদের মোট আসন সংখ্যার অর্ধেক আসন চাকমাদের জন্য এবং বাকী অর্ধেক আসন অন্য নৃ-গোষ্ঠীদের জন্য সংরক্ষিত থাকবে। তবে মোট আসন সংখ্যা বিজোড় হলে সর্বশেষ একটি আসনে অন্য নৃ-গোষ্ঠীকে প্রাধান্য দেয়া হবে। এ কোটায় ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের প্রদত্ত সনদের কপি সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট অফিস একাডেমিক শাখায় প্রেরণ করবেন।

(গ) অ-উপজাতি (তিন পার্বত্য জেলার বাঙালী অধিবাসী) কোটা (NTQ)

- পার্বত্য চট্টগ্রামে বসবাসরত বাঙালীরা এ কোটায় অন্তর্ভুক্ত হবে। এ কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীদের পার্বত্য জেলায় অবস্থিত সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক বা সমমান এবং উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং তাদের স্ব স্ব জেলা প্রশাসকের নিকট থেকে পার্বত্য জেলায় স্থায়ীভাবে বসবাসের সনদপত্র গ্রহণ করে তা অবশ্যই সাক্ষাৎকারের দিন জমা দিতে হবে।
- অ-উপজাতি কোটায় ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের প্রদত্ত অ-উপজাতি সনদের কপি সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট অফিস একাডেমিক শাখায় প্রেরণ করবেন।

(ঘ) বিকেএসপি কোটা (BKSPQ)

- এ কোটায় শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। এ কোটায় ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের কপি সাক্ষাৎকারের দিন জমা দিতে হবে।
- বিকেএসপি কোটায় ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের প্রদত্ত সনদের কপি সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট অফিস একাডেমিক শাখায় প্রেরণ করবেন।

(ঙ) অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা (SEGQ2)

- চাকমা, মারমা, ত্রিপুরা, তঞ্চঙ্গ্যা, রাখাইন জাতিগোষ্ঠি ব্যতিরেকে অনগ্রসর ক্ষুদ্র জাতিগোষ্ঠি যারা বাঙালী নয় তারা এ কোটায় অন্তর্ভুক্ত হবে। এ কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীদেরকে তারা কোন্ জাতিগোষ্ঠীর অধিবাসী তা তাদের স্ব স্ব সার্কেল চীফ/জেলা প্রশাসক এর নিকট থেকে সনদপত্র সংগ্রহ করে সাক্ষাৎকারের দিন জমা দিতে হবে।
- এ কোটায় ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের প্রদত্ত সনদের কপি সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট অফিস একাডেমিক শাখায় প্রেরণ করবেন।

(চ) শারীরিক চ্যালেঞ্জ অতিক্রমকারী শিক্ষার্থী কোটা (দৃষ্টি/বাক/শ্রবণ) (PCQ)

- এ কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের সঠিকতার সনদপত্র জমা দেয়ার পর যাচাই/বাছাই সাপেক্ষে স্ব স্ব ইউনিট কর্তৃক ভর্তি যোগ্য আবেদনকারীদের মেধাতালিকা তৈরী করা হবে। এ কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীদের লিখিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না। যাদের ২০২২ বা ২০২৩ সালের মাধ্যমিক বা সমমান এবং ২০২৪ বা ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ মোট জিপিএ ৫.২৫ আছে; অথবা ২০২২ বা ২০২৩ সালের জিসিই 'ও' লেভেল পরীক্ষায় ন্যূনতম ১টি বিষয়ে 'বি'/সমমান গ্রেড, ৩টি বিষয়ে 'সি'/সমমান গ্রেড ও ১টি বিষয়ে 'ডি'/সমমান গ্রেড এবং ২০২৪ বা ২০২৫ সালের জিসিই 'এ' লেভেল পরীক্ষায় ন্যূনতম ১টি বিষয়ে 'বি'/সমমান গ্রেড, ১টি বিষয়ে 'সি'/সমমান গ্রেড ও ১টি বিষয়ে 'ডি'/সমমান গ্রেড আছে তারা ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষায় আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবে।
- শারীরিক চ্যালেঞ্জ অতিক্রমকারী শিক্ষার্থী কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীদের ক্ষেত্রে উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এবং উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ যোগ করে অনিয়মিত শিক্ষার্থীদের ক্ষেত্রে যোগফল হতে ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন করে মেধাক্রমানুসারে মেডিকেল টিম এর যাচাই-বাছাই সাপেক্ষে সরাসরি ভর্তির জন্য নির্বাচন করা হবে।
- যেসব শিক্ষার্থী মাধ্যমিক/সমমান পরীক্ষা ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষা যথাক্রমে ২০২৩ ও ২০২৫ সালে উত্তীর্ণ হয়েছে, তারা ব্যতীত অন্য সকল শিক্ষার্থীকে অনিয়মিত গণ্য করা হবে।
- তবে ভর্তিচ্ছু আবেদনকারীর সংখ্যা নির্ধারিত আসন সংখ্যার চেয়ে বেশি হলে মৌখিক পরীক্ষার মাধ্যমে মেধাক্রমানুসারে যোগ্য আবেদনকারী নির্বাচন করা হবে।
- কলা ও মানববিদ্যা অনুষদ, বিজ্ঞান অনুষদের অন্তর্গত গণিত/পরিসংখ্যান বিভাগ, ব্যবসায় প্রশাসন অনুষদ, সমাজবিজ্ঞান অনুষদ ও আইন অনুষদের অন্তর্গত বিভাগে ভর্তির জন্য এ কোটায় আবেদন করা যাবে।

(ছ) পেশাদার খেলোয়াড় কোটা (PPQ)

- এ কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীদের জাতীয় দলের বর্তমান খেলোয়াড়/জাতীয় দলের 'এ' ক্যাটাগরির খেলোয়াড়/বয়স ভিত্তিক অনুর্ধ্ব ১৬ থেকে ২৩ দলের সদস্য হয়ে জাতীয় ও আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহনের অভিজ্ঞতা সম্পন্ন এবং অ্যাথলেটিকস, ব্যাডমিন্টন, টেবিল টেনিস, সাঁতার, টেনিস, দাবা, ক্যারমসহ বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় জাতীয় র‍্যাঙ্কিং অনুযায়ী ১ থেকে ৫ এর মধ্যে থাকতে হবে/ঢাকা কেন্দ্রীক শীর্ষস্থানীয় লীগের (যেমন: প্রিমিয়ার ডিভিশন লীগ, বি লীগ, প্রফেশনাল লীগ) খেলোয়াড় হতে হবে।
- এ কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীদের নিম্নেবর্ণিত প্রত্যয়নপত্র/ডকুমেন্টস থাকতে হবে:
  ১. জাতীয় দলের খেলোয়াড়দের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র/পরিচয়পত্র
  ২. জাতীয় দলের 'এ' ক্যাটাগরির খেলোয়াড়/বয়স ভিত্তিক অনুর্ধ্ব ১৬ থেকে ২৩ দলের সদস্য হয়ে জাতীয় ও আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের অভিজ্ঞতা সম্পন্ন এবং অ্যাথলেটিকস, ব্যাডমিন্টন, টেবিল টেনিস, সাঁতার, টেনিস, দাবা, ক্যারমসহ বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় জাতীয় র‍্যাঙ্কিং অনুযায়ী ১ থেকে ৫ এর মধ্যে অবস্থানকারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র।
  ৩. সংশ্লিষ্ট খেলার জাতীয় ফেডারেশনের সাধারণ সম্পাদক কর্তৃক খেলায় অংশগ্রহণ সংক্রান্ত প্রত্যয়নপত্র।
  ৪. সংশ্লিষ্ট খেলোয়াড়ের ফেডারেশন প্রদত্ত খেলোয়াড় রেজিস্টেশন কার্ড/পরিচয় পত্র।
  ৫. সংশ্লিষ্ট ক্লাবের সাধারণ সম্পাদক কর্তৃক উক্ত ক্লাবের খেলোয়াড় সংক্রান্ত প্রত্যয়ন পত্র
- সংশ্লিষ্ট আবেদনকারীকে ব্যবহারিক পরীক্ষার পূর্বে উল্লিখিত প্রত্যয়নপত্রসমূহ যাচাই করার জন্য সংশ্লিষ্ট ইউনিট অফিসে জমা দিতে হবে।
- এ কোটায় ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের প্রদত্ত প্রত্যয়নপত্রের কপি সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট অফিস একাডেমিক শাখায় প্রেরণ করবেন।
- এ কোটায় শুধুমাত্র শিক্ষা অনুষদভুক্ত ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগে ভর্তির জন্য আবেদনকারীরা আবেদন করতে পারবে।

20/11/2025

(জ) দলিত জনগোষ্ঠী কোটা (DQ)

- সামাজিক ও অর্থনৈতিকভাবে বৈষম্যের স্বীকার জনগোষ্ঠী যারা অবহেলিত ও অনগ্রসর [যেমনঃ জলদাস, ধোপা, নাপিত, হাজাম, হরিজন (মেথর, ডোম ইত্যাদি), বেদে, হিজড়া প্রভৃতি জনগোষ্ঠী] তারা এ কোটার অন্তর্ভুক্ত হবে। এ কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীদেরকে তারা কোন্ জনগোষ্ঠীর অধিবাসী তা তাদের স্ব স্ব সার্কেল চীফ/জেলা প্রশাসক/স্থানীয় সরকার জনপ্রতিনিধি এর নিকট থেকে সনদপত্র অথবা সমাজসেবা অধিদপ্তর এর প্রত্যয়নপত্র সংগ্রহ করে সাক্ষাৎকারের দিন জমা দিতে হবে।
- এ কোটায় ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের প্রদত্ত সনদপত্রের কপি সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট অফিস একাডেমিক শাখায় প্রেরণ করবেন।

বিশেষ দ্রষ্টব্য: কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীদের নির্বাচন মাননীয় সভাপতি, ভর্তি কমিটি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়-এর সভাপতিত্বে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি কার্যক্রম পরিচালনা কমিটির মাধ্যমে যাচাই-বাছাইপূর্বক সম্পন্ন করা হবে।

২৩. ভর্তির সাধারণ নিয়মাবলী

২৩.১ (ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ বা ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত আবেদনকারীদের ক্ষেত্রে প্রযোজ্য): ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ বা ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত আবেদনকারীদেরকে নিম্নে বর্ণিত নিয়মাবলী অনুসরণ করে ভর্তি সম্পন্ন করতে হবে।

(ক) ফলাফল প্রকাশের ভিত্তিতে সাধারণ ও কোটার আসনে উত্তীর্ণ বা ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত ভর্তিচ্ছু আবেদনকারীদের অনলাইনে বিষয়/বিভাগ/ইনস্টিটিউট পছন্দক্রম (Choice List) কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত নির্দিষ্ট সময়সীমার মধ্যে পূরণ করতে হবে। নির্দিষ্ট সময়সীমার মধ্যে ইহা পূরণ না করলে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

(খ) ১ম পর্যায়ে বিষয়/বিভাগ/ইনস্টিটিউট মনোনয়ন প্রাপ্তদের তালিকা প্রকাশের পর মনোনয়ন প্রাপ্তদের মূল সনদসহ প্রয়োজনীয় কাগজপত্র, *অনুষদ উন্নয়ন ফি* ৫০০/-(পাঁচশত) টাকা ও *শিক্ষা সহায়ক ফি* ৩০০০/- (তিন হাজার) টাকা কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত নির্দিষ্ট সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট ইউনিট অফিসে জমা দিয়ে প্রাথমিক ভর্তি সম্পন্ন করতে হবে। (সংশ্লিষ্ট ইউনিট কো-অর্ডিনেটর ভর্তিচ্ছু আবেদনকারীদের জ্ঞাতার্থে ভর্তির ওয়েবসাইটে নোটিশ দিবেন)

(গ) আবেদনকারীদের বিষয় পছন্দক্রম অনুযায়ী ২য়, ৩য়, ৪র্থ.....(প্রযোজ্য ক্ষেত্রে) পর্যায়ে বিষয়/ বিভাগ/ ইনস্টিটিউট মনোনয়ন প্রাপ্তদের তালিকা প্রকাশের ক্ষেত্রে স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশন চলমান থাকবে। এক্ষেত্রে কোন মাইগ্রেশন ফি প্রযোজ্য হবে না।

তবে কোন ভর্তিচ্ছু আবেদনকারী যেকোনো পর্যায়ে বিষয়/বিভাগ/ইনস্টিটিউট মনোনয়ন পেয়ে পরবর্তী পর্যায়ের স্বয়ংক্রিয় মাইগ্রেশন প্রক্রিয়ায় নতুন প্রাপ্ত বিষয়/বিভাগ/ইনস্টিটিউট পেতে অনিচ্ছুক হলে তাকে সংশ্লিষ্ট ইউনিট কো-অর্ডিনেটর বরাবর প্রাথমিক ভর্তির দিনসমূহে স্বয়ংক্রিয় মাইগ্রেশন বন্ধ (Stop Auto Migration) করার আবেদন করতে হবে। পরবর্তী পর্যায়ের স্বয়ংক্রিয় মাইগ্রেশন প্রক্রিয়ায় বিষয়/বিভাগ/ ইনস্টিটিউট মনোনয়ন প্রাপ্তদের তালিকা প্রকাশের ন্যূনতম ২ (দুই) কর্মদিবস পূর্বে আবেদনে সংশ্লিষ্ট ইউনিট কো-অর্ডিনেটরের সম্মতি/অনুমতি নিয়ে সংশ্লিষ্ট আবেদনকারীকে আইসিটি সেল বা হেল্প ডেস্কে যোগাযোগপূর্বক স্বয়ংক্রিয় মাইগ্রেশন বন্ধ (Stop Auto Migration) নিশ্চিত করতে হবে।

(ঘ) এভাবে ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ..... (প্রযোজ্য ক্ষেত্রে) পর্যায়ে বিষয়/বিভাগ/ইনস্টিটিউট মনোনয়ন প্রাপ্তদের তালিকা প্রকাশের পর নতুনভাবে বিষয়/বিভাগ/ইনস্টিটিউট মনোনয়ন প্রাপ্তদের মূল সনদসহ প্রয়োজনীয় কাগজপত্র, অনুষদ উন্নয়ন ও শিক্ষা সহায়ক ফি কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত নির্দিষ্ট সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট ইউনিট অফিসে জমা দিয়ে প্রাথমিক ভর্তি সম্পন্ন করতে হবে। (সংশ্লিষ্ট ইউনিট কো-অর্ডিনেটর ভর্তিচ্ছু আবেদনকারীদের জ্ঞাতার্থে ভর্তির ওয়েবসাইটে নোটিশ দিবেন)।

নির্দিষ্ট সময়ের মধ্যে কোন আবেদনকারী প্রাথমিক ভর্তি সম্পন্ন করবে না (যেকোনো কারণেই হোক না কেন); পরবর্তীতে তার বিষয়/বিভাগ/ইনস্টিটিউট মনোনয়ন আর বিবেচনা করা হবে না।

(ঙ) উল্লেখ্য, ব্যবহারিক পরীক্ষা রয়েছে এমন সকল বিভাগ/ইনস্টিটিউট-এর ব্যবহারিক পরীক্ষা কার্যক্রম শেষে উত্তীর্ণ আবেদনকারীদের মধ্য থেকে বিভিন্ন পর্যায়ে মনোনয়ন প্রাপ্তদের তালিকা প্রকাশের পর উক্ত মনোনয়ন প্রাপ্ত আবেদনকারীদের উপরোক্ত খ/গ/ঘ নিয়ম অনুসরণ করতে হবে।

(চ) প্রাথমিকভাবে ভর্তির জন্য নির্বাচিত ভর্তিচ্ছু কোন আবেদনকারী ইউনিট পরিবর্তন করতে চাইলে নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে। সেক্ষেত্রে তার পূর্বে ভর্তিকৃত ইউনিটে অনুষদ উন্নয়ন ও শিক্ষা সহায়ক ফি বাবদ যে অর্থ পরিশোধ করেছে তা অফেরতযোগ্য। যথাযথভাবে আবেদন পাবার পর সংশ্লিষ্ট আবেদনকারীকে মূল সনদসহ প্রয়োজনীয় কাগজপত্র ফেরত দেয়া যাবে। সংশ্লিষ্ট আবেদনকারীকে পরিবর্তিত ইউনিটে ভর্তির সময় নিয়মানুযায়ী মূল সনদসহ প্রয়োজনীয় কাগজপত্র জমা এবং 'অনুষদ উন্নয়ন' ও 'শিক্ষা সহায়ক' ফি পরিশোধ করতে হবে। এক্ষেত্রে কোন ইউনিট পরিবর্তন ফি প্রযোজ্য হবে না।

(ছ) সকল কোটায় উত্তীর্ণ ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত আবেদনকারীদেরকে উপরোক্ত ২৩.১ (ক থেকে চ)-এ বর্ণিত নিয়ামাবলী অনুসরণ করতে হবে। কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীদের জ্ঞাতার্থে ভর্তির ওয়েবসাইটে যথাসময়ে নোটিশ ইস্যু করা হবে।

২৩.২ (প্রাথমিক ভর্তি সম্পন্নকারী এবং চূড়ান্তভাবে নির্বাচিত আবেদনকারীদের ক্ষেত্রে প্রযোজ্য): ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত আবেদনকারীদেরকে নিম্নে বর্ণিত নিয়মাবলী অনুসরণ করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

(ক) ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত আবেদনকারীদেরকে কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত নির্দিষ্ট সময়সীমার মধ্যে অনলাইনে SIF পূরণ করতে হবে। নির্দিষ্ট সময়সীমার মধ্যে ইহা পূরণ না করলে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে। SIF পূরণ এর সময় Student ID স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত হবে। পূরণ এর পর SIF ও ব্যাংক রশিদ ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

(খ) প্রত্যেক শিক্ষার্থীকে অনলাইনে SIF ও ব্যাংক রসিদ পূরণ করে ইহা ডাউনলোডপূর্বক A4 সাইজের দু'টি SIF ও একটি ব্যাংক রসিদের প্রিন্ট কপি সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউটে জমা দিতে হবে।

প্রয়োজনীয় ডকুমেন্ট/কাগজপত্রসহ ব্যাংক রসিদে উল্লিখিত অর্থ (ভর্তি ফিস) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট অফিস প্রত্যেক শিক্ষার্থীর কাছ থেকে নগদ জমা নিবে। প্রতিটি বিভাগ/ ইনস্টিটিউট অফিস প্রতি কর্ম দিবস শেষে সকল ব্যাংক রসিদ এবং চূড়ান্তভাবে নির্বাচিত ভর্তিচ্ছুদের নামের তালিকা বিবরণীসহ প্রাপ্ত সকল অর্থ (ভর্তি ফিস) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে (ব্যাংক খোলার দিনসমূহে) অগ্রণী ব্যাংক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতি ও ইনস্টিটিউটের পরিচালক সার্বিক বিষয় তদারকি করবেন। অগ্রণী ব্যাংক পিএলসি, চবি শাখা কর্তৃপক্ষ অর্থ (ভর্তি ফিস) প্রাপ্তি সাপেক্ষে সকল ব্যাংক রসিদ যথাযথভাবে সীল ও স্বাক্ষর দিয়ে বিভাগ/ইনস্টিটিউট অফিসকে সাথে সাথে ফেরত দিবে। পরবর্তীতে বিভাগ/ইনস্টিটিউট অফিস সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীকে ব্যাংক রসিদের একটি কপি (ছাত্র/ছাত্রী কপি) ফেরত দিবে।

স্ব স্ব বিভাগ/ইনস্টিটিউট অফিস সংশ্লিষ্ট আবেদনকারীর SIF ও ব্যাংক রসিদ এর একটি কপি সংরক্ষণ করবেন।

(গ) উল্লেখ্য, অনলাইনে SIF ও ভর্তি ফিস জমা দেয়ার ব্যাংক রসিদ চূড়ান্তভাবে নির্বাচিত আবেদনকারীকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটে তার প্রোফাইল পেইজ থেকে ডাউনলোড করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য: (১) কোন আবেদনকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি ফিস জমা না দিলে (যেকোনো কারণেই হোক না কেন) পরবর্তীতে তার ভর্তির বিষয়টি আর বিবেচনা করা হবে না। (২) যেকোনো ফিস জমা দেওয়ার নির্ধারিত শেষ তারিখের দিন কোন কারণে বিশ্ববিদ্যালয়ের অফিস বা অগ্রণী ব্যাংক পিএলসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা বন্ধ থাকলে অথবা অফিস বা ব্যাংকে কাজ না চললে সেক্ষেত্রে অব্যবহিত পরবর্তী কর্ম দিবসই সংশ্লিষ্ট ফিস জমা দেয়ার শেষ সময় হিসেবে গণ্য হবে।

২৩.৩ ইউনিট অফিস ভর্তির জন্য আবেদনকারী নির্বাচন করে নির্বাচিত তালিকা ও নির্বাচিত আবেদনকারীদের ছবিসহ প্রবেশপত্রের কপি সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/ইনস্টিটিউট অফিসে প্রেরণ করবেন।

আবেদনকারীরা অনলাইনে SIF পূরণ করে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট অফিসে জমা দেয়ার পর SIF এর সঙ্গে প্রদত্ত ছবির সঙ্গে প্রবেশপত্রের সাথে ইউনিট অফিস থেকে প্রেরিত ছবি মিলিয়ে নিয়ে সঠিক বলে নিশ্চিত হওয়ার পর বিভাগীয় সভাপতি/ইনস্টিটিউটের পরিচালক ভর্তি ফিস জমা দেয়ার ব্যাংক রসিদে স্বাক্ষর করবেন।

২৩.৪ কোন আবেদনকারীকে ভর্তির ক্ষেত্রে একাধিকবার ভর্তি ফিস জমা দিতে হবে না। তবে যে সকল আবেদনকারীর ক্ষেত্রে একবার ভর্তি ফিস জমা দেয়ার পর বিভাগ/ইনস্টিটিউট পরিবর্তন হবে সে সকল আবেদনকারীকে নতুনভাবে মনোনীত স্ব স্ব বিভাগ/ইনস্টিটিউটে ভর্তির সময়ে অতিরিক্ত ভর্তি ফিস (প্রযোজ্য হলে) জমা দিতে হবে।

২৪. ভর্তি বাতিল এবং দ্বৈত ভর্তি সম্পর্কিত নিয়ম:

২৪.১ ভর্তি প্রত্যাহার/বাতিলের নিয়ম:

(ক) কোন আবেদনকারী চলতি শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে প্রাথমিকভাবে ভর্তি হয়ে যেকোনো কারণে বা স্বেচ্ছায় ভর্তি বাতিল/প্রত্যাহার করতে চাইলে তাকে চূড়ান্ত ভর্তির পূর্বে সংশ্লিষ্ট ইউনিট কো-অর্ডিনেটর বরাবর দরখাস্ত লিখে ভর্তি বাতিল/প্রত্যাহার ফিস রেজিস্ট্রার, চবি এর অনুকূলে অগ্রণী ব্যাংক পিএলসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা থেকে সংগৃহীত অফেরত যোগ্য ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডারসহ দরখাস্তটি ইউনিট ভর্তি কমিটির কো-অর্ডিনেটর এর অফিসে জমা দিয়ে সংশ্লিষ্ট ইউনিটে ভর্তি বাতিল/প্রত্যাহার করতে হবে।

(খ) কোন আবেদনকারী স্নাতক (সম্মান) শ্রেণিতে চূড়ান্ত ভর্তি শেষে বা পরবর্তীকালে যেকোনো সময় যেকোনো কারণে স্বেচ্ছায় ভর্তি বাতিল করতে চাইলে তাকে ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক), রেজিস্ট্রার দপ্তর, চবি বরাবর দরখাস্ত লিখে তাতে সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতি/ইনস্টিটিউটের পরিচালকের সুপারিশসহ ভর্তি বাতিল ফিস রেজিস্ট্রার, চবি এর অনুকূলে অগ্রণী ব্যাংক পিএলসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা থেকে সংগৃহীত অফেরতযোগ্য ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকার পে-অর্ডারসহ দরখাস্তটি রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখায় জমা দিয়ে ভর্তি বাতিল করতে হবে।

২৪.২ দ্বৈত ভর্তি সম্পর্কিত নিয়ম:

(ক) বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী একাধিক বিষয় বা একাধিক কোর্সে ভর্তি হওয়া শাস্তিমূলক অপরাধ।

(খ) কোন আবেদনকারী অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে কোন কোর্সে ভর্তি হওয়ার পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পেলে তাকে পূর্বে ভর্তিকৃত শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তি প্রত্যাহার করে ভর্তি প্রত্যাহারের চিঠি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভর্তির

সময় SIF এর সঙ্গে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউটে জমা দিতে হবে। সময় স্বল্পতার কারণে বা যেকোনো যুক্তিসঙ্গত কারণে কোন আবেদনকারী ভর্তির সময় ভর্তি প্রত্যাহারের চিঠি জমা দিতে অপরাগ হলে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভর্তি ফিস জমা দেয়ার তারিখ হতে এক মাসের মধ্যে পূর্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তি প্রত্যাহার করে ভর্তি প্রত্যাহারের চিঠি বিভাগীয় সভাপতি/ইনস্টিটিউটের পরিচালকের মাধ্যমে রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখায় অবশ্যই জমা দিতে হবে। উক্ত এক মাস সময়ের পর কোন আবেদনকারীর বিরুদ্ধে দ্বৈত ভর্তির অভিযোগ পাওয়া গেলে তখন তার কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না এবং বিশ্ববিদ্যালয়ের নিয়মানুসারে তার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভর্তি বাতিল করা হবে।

২৫. ভর্তির অন্যান্য নিয়মাবলী:

(ক) কোন আবেদনকারী SIF-এ কোন তথ্য গোপন করে বা মিথ্যা তথ্য বা ভূয়া তথ্য প্রদান করে বা জাল একাডেমিক ট্রান্সক্রিপ্টের মাধ্যমে ভর্তি হলে সেই আবেদনকারীর ভর্তি বাতিলসহ বিশ্ববিদ্যালয়ের নিয়মানুসারে অন্যান্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(খ) কোন ভর্তিচ্ছু আবেদনকারীর সংশ্লিষ্ট পরীক্ষার সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক ইস্যুকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট বা পরীক্ষা পাশের সার্টিফিকেটে কোন কাটাকাটি থাকলে বা ওভার রাইটিং করলে বা যেকোনো প্রকার জিপি/জিপিএ বা পরীক্ষা পাশের বছর বা আবেদনকারীর নাম বা বিবরণ বা তথ্য বসিয়েছেন মনে হলে বা একাডেমিক ট্রান্সক্রিপ্ট বা সার্টিফিকেট দেখে সন্দেহ হলে সেই একাডেমিক ট্রান্সক্রিপ্ট বা সার্টিফিকেটের ভিত্তিতে কোন আবেদনকারীকে ভর্তি করা হবে না।

(গ) আবেদনকারীদের ভর্তি ফিস জমা দেয়ার জন্য ব্যাংক রসিদ Endorse করার সময় এবং ভর্তি প্রক্রিয়া চলাকালীন সময়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষা দু'টির সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক ইস্যুকৃত মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফেরত দেয়া যাবে না। কোন আবেদনকারী নির্দিষ্ট সময় শেষ হওয়ার পূর্বে একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফেরত নিতে চাইলে তাকে আগে পূর্বে বর্ণিত ২৪.১ (ক)/(খ) নিয়মে ভর্তি বাতিল করতে হবে। তবে ভর্তির সর্বশেষ তারিখের ৬০ (ষাট) দিন পর উক্ত একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফেরত দেয়া যাবে। স্ব স্ব বিভাগ/ইনস্টিটিউট অফিস সংশ্লিষ্ট আবেদনকারীর একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি সংরক্ষণ করবেন।

ভর্তি সংক্রান্ত তথ্যাবলীর জন্য যোগাযোগের ঠিকানা:

একাডেমিক শাখা, রেজিস্ট্রার দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়	মোবাইল নম্বর: 01555555158, 01556570088
জীববিজ্ঞান অনুষদ (A unit)	মোবাইল নম্বর: 01555555142
কলা ও মানববিদ্যা অনুষদ (B, B1, B2 unit/sub-units)	মোবাইল নম্বর: 01555555136
ব্যবসায় প্রশাসন অনুষদ (C unit)	মোবাইল নম্বর: 01555555137
শিক্ষা অনুষদ (D, D1 unit/sub-unit)	মোবাইল নম্বর: 01555555165
HELP DESK সকাল ০৯:০০ টা থেকে রাত ৭:০০ টা পর্যন্ত	আইসিটি সেল, আইটি ভবন (কক্ষ নং-২০১), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় মোবাইল নম্বর: 01555555140, 01555555141, 01556570077 ই-মেইল: admission@cu.ac.bd ফোন: PABX: 02334460766-74, 79-91 Ext: 4255